

## ■ সিয়াম বিষয়ক নির্বাচিত ফাতওয়া

বিভাগ/অধ্যায়ঃ তাঁর রোগ হয়েছিল যা থেকে আরোগ্য আশা করা যায় না। কিন্তু এরপর আল্লাহ্ তাকে সুস্থ করে। দিলেন।

রচয়িতা/সঙ্গলকঃ ইসলাম কিউ এ (Islamga.com)

একজন মহিলাকে ডাক্তাররা তার হৃদরোগ জনিত কারণে সাওম পালন করতে নিষেধ করেছিলেন, যা থেকে সুস্থতা আশা করা যায় নি। তিনি রম্যানে ইফতার করে প্রত্যেক দিনের পরিবর্তে সাথে সাথে ফিদইয়াহ আদায় করতেন। এরপর আল্লাহর ইচ্ছায় তাঁর চিকিৎসা ব্যবস্থার উন্নতি হয় এবং তাঁর হার্টে ভাল্পের সার্জারি করা হয় এবং তা সফল হয় আলহামদুলিল্লাহ্। তবে তিনি এরপর কিছু সময় ইনটেনসিভ কেয়ারে চিকিৎসার অধীনে ছিলেন। এরপর তাঁর অবস্থার উন্নতি হলে আল্লাহ্ তাকে গত রম্যানে সিয়াম পালনের তাওফীক দেন। তিনি জানতে চাচ্ছেন, যে দিনগুলিতে সাওম ভঙ্গ করেছিলেন, সে ব্যাপারে কি করবেন? তিনি কি সেই দিনগুলোর কাযা আদায় করবেন, যার সংখ্যা ১৮০ দিন যা পরপর ছয় বছর এর সমান, নাকি তিনি সে সময় সাওমের পরিবর্তে যে ফিদইয়াহ আদায় করেছিলেন তাই তাঁর জন্য যথেষ্ট হবে?

ফাত্ওয়া নং- 106478

উত্তর : সমস্ত প্রশংসা আল্লাহর জন্য।

"তিনি সাওম ভঙ্গ করায় প্রতিদিনের পরিবর্তে যে ফিদইয়াহ আদায় করেছিলেন তা তাঁর জন্য যথেষ্ট। তাঁর সেই মাসগুলোর কাযা করা ওয়াজিব নয়। কারণ তিনি মা'যূর, (শারী'আত অনুমোদিত কারণে) সে সময় তাঁর উপর যা ওয়াজিব ছিল তিনি তা করেছেন।

আল্লাহই তাওফীরু দাতা। আল্লাহ্ আমাদের নবী মুহাম্মাদ, তাঁর পরিবারবর্গ ও সাহাবীগণের উপর সালাত (প্রশংসা) ও সালাম (শান্তি) বর্ষণ করুন।"

গবেষণা ও ফাত্ওয়া ইস্যুকারী স্থায়ী কমিটি

শাইখ 'আবদুল 'আযীয ইব্ন 'আবদিল্লাহ্ ইব্ন বায, শাইখ 'আবদুর রায্যাক্ক 'আফীফী, শাইখ 'আবদুল্লাহ্ ইব্ন গুদাইইয়ান, শাইখ 'আবদুল্লাহ্ ইব্ন কু'উদ।

[ফাত্ওয়া আল-লাজনাহ আদ্-দা'ইমাহ লিল বুহূস আল-'ইলমিয়্যাহ ওয়া আল ইফতা' (১০/১৯৫,১৯৬)]

Islam Q & A

• Source — https://www.hadithbd.com/books/link/?id=4262

这 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন